

## 💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৬৫ - সৃষ্টির কাছে আল্লাহর সুপারিশ করা যায় না

১। জুবাইর বিন মুতয়িম রা. থেকে বর্ণিত আছে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আরব বেদুঈন এসে বললা, ' হে আল্লাহর রাসূল, আমাদের জীবন ওষ্ঠাগত, পরিবার পরিজন ক্ষুধার্ত, সম্পদ ধ্বংস প্রাপ্ত। অতএব আপনি আপনার রবের কাছে বৃষ্টির প্রার্থনা করুন। আমরা আপনার কাছে আল্লাহর সুপারিশ করছি, আর আল্লাহর কাছে আপনার সুপারিশ করছি'। এভাবে তিনি আল্লাহর পবিত্রতা ঘোষণা করতে লাগলেন যে তাঁর এবং সাহাবায়ে কেরামের চেহারায় রাগতবাব প্রতিভাত হচ্ছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম বললেন,

ويحك أتدرى ما الله؟ إن شأن الله أعظم من ذالك أنه لا يستشفع بالله على أحد من خلقه. শান করছো আল্লাহর মর্যাদা কত বড়, তা কি তুমি জানো? তুমি যা মনে করছো আল্লাহর মর্যাদা ও শান

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়
- ১। 'আপনার কাছে আল্লাহর সুপারিশ করছি'এ يالله عليك
- এ কথা যে ব্যক্তি বলেছিল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম কর্তৃক সে প্রত্যাখ্যাত হ**য়েছিল।

এর চেয়ে অনেক বেশী। কোন সৃষ্টির কাছেই আল্লাহর সুপারিশ করা যায় না।" (আবু দাউদ)

- ২। সৃষ্টির কাছে আল্লাহর সুপারিশের কথায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম এবং সাহাবায়ে কেরামের** চেহারায় লক্ষণীয় পরিবর্তন পরিলক্ষিত হয়েছিল।
- ত। انستشفع بك على الله و আমরা আল্লাহর কাছে আপনার সুপারিশ কামনা করছি] এ কথা রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্ল**াম প্রথ্যাখ্যান করেননি**।
- ৪। ''সুবহানালাহ' এর তাফসীরের ব্যাপারে সতর্কতা অবলম্বন।
- ৫। মুসলমানগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**ামকে আল্লাহর কাছে বৃষ্টি চাওয়ার জন্য আবেদন** করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5141

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন